দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্ট ৩ দিন বন্ধ

ভারতের নদিয়া জেলার বিধানসভা নির্বাচনের কারণে তিন দিন বন্ধ থাকবে দর্শনা-গেদে বন্দর দিয়ে দুই দেশের মধ্যে পাসপোর্টধারী যাত্রী চলাচল।

তবে যেসব ভারতীয় নাগরিক বাংলাদেশে অবস্থান করছেন, তারা ফিরতে পারবেন। সোমবার (২৭ এপ্রিল) সকালে ভারতের কেন্দ্রীয় সরকারের এক অফিস আদেশের সূত্রে এ তথ্য নিশ্চিত করেছেন দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এসআই তুহিন।

তিনি জানান, আগামী ২৯ এপ্রিল ভারতের নদিয়া জেলায় বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে নদিয়া জেলার সীমান্তবর্তী চুয়াডাঙ্গার দর্শনা বন্দরের ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে আজ সোমবার (২৭ এপ্রিল) সকাল ৯টা ২০ মিনিট থেকে ২৯ এপ্রিল সন্ধ্যা ৬টা পর্যন্ত দর্শনা আইসিপির কাস্টমস ও ইমিগ্রেশন দিয়ে পাসপোর্টধারী নাগরিকদের গমনাগমন বন্ধ করে দিয়েছে ভারতের গেদে বন্দর ইমিগ্রেশন কর্তৃপক্ষ।

তবে বাংলাদেশে অবস্থানরত ভারতীয় নাগরিকরা নিজ দেশে ফিরতে পারবেন। আগামী ৩০ এপ্রিল থেকে পূর্বের মতো কার্যক্রম চালু হবে।

দর্শনা চেকপোস্ট দিয়ে ভারতে যাওয়ার সময় গুলশানের আজিজুর রহমান গ্রেফতার

দর্শনা চেকপোস্ট দিয়ে ভারতে প্রবেশের সময় ইমিগ্রেশন পুলিশের হাতে ঢাকা গুলশানের বাসিন্দা আজিজুর রহমান (৫২) গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত আজিজুর রহমান নারায়ণগঞ্জের সোনারগাঁও থানার

কুতুবপুর এলাকার মৃত মতিউর রহমানের ছেলে।

রবিবার দুপুর ২টার দিকে দর্শনা ইমিগ্রেশন পুলিশ দেশত্যাগে নিষেধাজ্ঞা থাকার কারণে তাকে গ্রেফতার করে।

পুলিশ সূত্রে জানা যায়, আজিজুর রহমানের বিরুদ্ধে ঢাকা মেট্রোপলিটন পুলিশের তেজগাঁও শিল্পাঞ্চল থানাসহ একাধিক থানায় বিভিন্ন মামলা রয়েছে। গ্রেফতারের পর তাকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, আজিজুর রহমানের বিরুদ্ধে তেজগাঁওসহ বিভিন্ন থানায় মামলা রয়েছে এবং তার বিদেশে যাওয়া নিষিদ্ধ ছিল। গতকালই তাকে চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে ৩১ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে কোম্পানি কমান্ডার পর্যায়ের পতাকা বৈঠকের পর ভারতে অবৈধভাবে অনুপ্রবেশকারী নারী, পুরুষ ও শিশুসহ ৩১ জন বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করেছে বিএসএফ। শনিবার দুপুরের পর তাদের হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল নাজমুল হাসান জানান, চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন এবং ভারতের ৩২ বিএসএফ ব্যাটালিয়নের কোম্পানি কমান্ডারের মধ্যে সীমান্তের প্রধান খুঁটি ৭৬ এর কাছে শূন্যরেখায় আনুষ্ঠানিক পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের পর বিভিন্ন সময়ে অবৈধভাবে ভারতে প্রবেশকারী ৩১ জন বাংলাদেশি নাগরিককে বিএসএফ আনুষ্ঠানিকভাবে বিজিবির কাছে হস্তান্তর করে।

হস্তান্তরিতদের মধ্যে ১৬ জন পুরুষ, ১০ জন নারী, ৩ জন শিশু ও ২ জন তৃতীয় লিঙ্গের ব্যক্তি রয়েছেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, তারা বিভিন্ন সময়ে সীমান্তের বিভিন্ন স্থান দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন। সব প্রক্রিয়া শেষ হওয়ার পর তাদের দর্শনা থানায় সোপর্দ করা হবে বলে জানিয়েছেন লে. কর্নেল নাজমুল হাসান।

ভারতে পালানোর সময় চেকপোস্টে যুবলীগ নেতা গ্রেফতার

ভারতে পালিয়ে যাওয়ার সময় রাজশাহীর তানোর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক জুবায়ের ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার (১৭ জুন) বেলা ১১টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে তিনি পাসপোর্ট নিয়ে ইমিগ্রেশনে উপস্থিত হলে সফটওয়্যারে তার বিরুদ্ধে একাধিক মামলা থাকার তথ্য পাওয়া যায়।

গ্রেফতার জুবায়ের ইসলাম (৫৮) রাজশাহীর তানোর উপজেলা সাদিপুরের মৃত আবু বাক্কারের ছেলে।

দর্শনা ইমিগ্রেশন পুলিশের টু-আইসি তারেক মাহমুদ জানান, চেকপোস্টে গমনেচ্ছু যাত্রীদের নিয়মিত তথ্য যাচাইয়ের সময় জুবায়ের ইসলামের বিরুদ্ধে রাজশাহীর তানোর থানায় দুটি নিয়মিত মামলার তথ্য ধরা পড়ে। পরে তাকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, গত বছরের সেপ্টেম্বরে তানোর থানায় দায়ের হওয়া মামলাগুলোতে জুবায়ের ইসলামের বিরুদ্ধে সংঘর্ষ, হামলা, বিস্ফোরক দ্রব্য ব্যবহার, চাঁদাবাজি, ভয়ভীতি প্রদর্শনসহ একাধিক অভিযোগ রয়েছে। মামলা দুটি বর্তমানে তদন্তাধীন রয়েছে।

দর্শনা চেকপোস্টে বিজিবি ঘুষিতে মাইক্রো চালক আহত

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে ক্যান্সার রোগীকে নামানোর ঘটনায় মন্টু মিয়া (৪০) নামে এক ড্রাইভারকে মুখে ঘুষি মেরে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে ৬ বিজিবি সদস্যদের বিরুদ্ধে।

আজ সোমবার (৩০ ডিসেম্বর) সকাল ৯টার দিকে দর্শনা সীমান্তের চেকপোস্টের আইসিপি ভবনের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানায়, ঝিনাইদহের কালিগঞ্জ প্রেসক্লাবের সাধারন সম্পাদক ও মানবজমিন পত্রিকার প্রতিনিধি তোফাজ্জেল হোসেন তপু তার ক্যান্সার আক্রান্ত মাকে নিয়ে মাইক্রোবাসযোগে দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে পৌছান। এসময় কাস্টমস-ইমিগ্রেশনের কার্যক্রম শেষ করে আইসিপির সামনে মাইক্রোবাস থামিয়ে রোগীকে নামানো হচ্ছিল। আইসিপি ভবনের সামনে মাইক্রোবাস দাঁড়িয়ে থাকতে দেখে ক্ষুব্ধ হন বিজিবি সদস্যরা। সে সময় ওই মাইক্রোবাসের চালক মন্টু মিয়ার সাথে বিজিবির নায়েক সুবেদার আইসিপি ইনচার্জ মোহাম্মদ জামাল ও নায়েক আব্দুল মান্নানের সাথে তর্কবিতর্ক হয়। এক পর্যায়ে নায়েক আব্দুল মান্নান চালক মন্টুকে স্বজরে মুখে ঘুষি মারে। এতে চালকের বাম চোখের কপালের ভ্রু কেটে যায়। ৬ বিজিবি সদ্যস্যরা পরে তাকে বিশ্রামাগারে নিয়ে চিকিৎসা দেয়। স্থানীয় এক চিকিৎসক তাকে একটি সেলাই দেয়।

ঝিনাইদহের কালিগঞ্জ প্রেসক্লাবের সাধারন সম্পাদক ও মানবজমিন পত্রিকার প্রতিনিধি তোফাজ্জেল হোসেন তপু অভিযোগ করে বলেন, আমার মা একজন ক্যান্সার রোগী। তিনি ঠিকমতো চলাফেরা করতে পারেন না। তাই মাইক্রোবাসযোগে তাকে কাস্টমস ইমিগ্রেশনের কাজ শেষ করা হয়। এরপর বর্ডার পার হওয়ার জন্য রোগীকে ভ্যানে তুলতে গেলে মাইক্রোবাস দাড়ানো দেখে ক্ষিপ্ত হয় বিজিবি সদস্যরা। পরিচয় দেয়ার পরও চড়াও হন তারা। অসুস্থ রোগী থাকা সত্বেও চালককে ঘুষি মারেন তারা। রক্তাক্ত জখম হলে চোখের ভ্রুতে একটি সেলাই দিতে হয়েছে।

এ বিষয়ে দর্শনা আইসিপি চেকপোস্ট ইনচার্জ নায়েক সুবেদার

মোহাম্মদ জামাল বলেন, গাড়ি প্রবেশ নিয়ে বিজিবির সৈনিকদের সাথে চালকের মধ্যে সামান্য কথা কাটাকাটি হয়। পরে স্থানীয় সাংবাদিকদের মধ্যস্থতায় বিষয়টির মীমাংসা হয়ে গেছে।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনায়ক পরিচালক লে. কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান জানান, বিষয়টি শুনেছি। তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে লকডাউন বাস্তবায়নে ট্রাফিক পুলিশের চেকপোষ্ট

মেহেরপুর জেলাব্যাপী লকডাউন কার্যকর করতে মুজিবনগরে দিনব্যাপী চেকপোষ্ট স্থাপন করেছে জেলা ট্রাফিক পুলিশ।

সোমবার সকাল থেকে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ চেকপোষ্ট স্থাপন করা হয়। এ সময় দুপুর ১২ টা প্রযন্ত রেজিষ্ট্রেশনবিহিন ৫ টি গাড়ি আটক করা হয় এবং ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট না থাকায় ৩ টি গাড়িতে মামলা দেওয়া হয় চেকপোষ্ট এর নেতৃত্ব দেন টিএসআই সুলতান।

এছাড়া মুজিবনগর থানা পুলিশের একটি টিম কেদারগন্জ বাজার প্রাঙ্গনে লকডাউন বাস্তবায়নে অভিযান পরিচালনা করে।

অভিযান পরিচালনাকালে মাস্ক ছাড়া কেউ বাড়ীর বাহিরে না যাওয়ার আহবান জানানো হয়। এসময় দোকানে বসে আড্ডা দেয়া বা ঘোরাঘুরি করা যাবে না বলে সতর্ক করেন পুলিশ সদস্যরা ।